# বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

(আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়)
বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন
৫ম তলা, ৫৩-মহাখালী বা/এ, ঢাকা-১২১২,
ফোন- ০২২২২২৮০২৩০, ০২২২২২৮৮১১৬,
Web: bnf.gov.bd

স্মারক নং-বিএনএফ/অনুদান/২য় রা.-০৭/২৬১৫/৮৪/০৯/১৮৬ তারিখঃ ০৯/০৩/২০২৫খ্রিঃ

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত অনুদানের প্রথম-একাদশ পর্যায়ের মোট **২৫,২৫,০০০/-(পঁচিশ লক্ষ পঁচিশ হাজার)** টাকা ইতোমধ্যে ব্যয়ের প্রেক্ষিতে পুনরায় অনুদান প্রদানের বিষয়ে বিবেচনাধীন রয়েছে। এমতাবস্থায় পরবর্তী বরাদ্দ প্রাপ্তির জন্য **সেলাই প্রশিক্ষণ এবং সেলাই মেশিন বিতরণ** কর্মসূচি গ্রহণ করে মোট **৩,০০,০০০/- (তিন লক্ষ)** টাকা (শুধুমাত্র **১২তম পর্যায়ে** প্রদেয়) ব্যয় সীমার মধ্যে **উপকারভোগীর তালিকা (এনআইডি ও মোবাইল নম্বরসহ)** কর্মসূচি ও কর্মএলাকা চিহ্নিত করে আগামী **২৪/০৩/২০২৫** তারিখের মধ্যে সম্ভাব্য বাজেট প্রস্তাব অত্র ফাউন্ডেশনে পৌছানোর জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য যে, উক্ত প্রস্তাবিত কর্মসূচি/প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী/নীতিমালা অনুসরণ করতে হবেঃ

১. অনুদানের অর্থ ব্যয়ে সরকারি সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
২. অনুদানের অর্থ কোনভাবেই ক্ষুদ্রঋণ কার্যক্রমে ব্যবহার করা যাবে না।
৩. উপকারভোগীদের মধ্যে কোন প্রকার উপকরণ বিতরণের বা প্রদানের প্রস্তাব থাকলে তা বিনামূল্যে বিতরণ করতে হবে।
৪. বাজেট প্রস্তাব প্রেরণের পূর্বে বেজ লাইন সার্ভে করতে হবে।
৫. টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের জন্য প্রস্তাবিত বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।
৬. যে কর্মএলাকা ও কার্যক্রমের প্রস্তাব করা হবে, ফাউন্ডেশনের পূর্বানুমতি ব্যতীত তা পরিবর্তন করা যাবে না।
৭. মোট অনুদানের ২০% প্রশাসনিক কাজে ব্যয় করা যাতে পারে। বাকী ৮০% টাকা সরাসরি কর্মসূচি খাতে অবশ্যই ব্যয় করতে হবে।
৮. সু-নির্দিষ্ট (Focused) কার্যক্রমের ভিত্তিতে বার্ষিক কর্ম পরিকল্পনা তৈরি করতে হবে।
৯. যে কার্যক্রমের জন্য পর্যাপ্ত অর্থ ব্যয়ে সরকারের সুনির্দিষ্ট কর্মসূচি রয়েছে, বিবেচ্য অনুদানের অর্থ দ্বারা সমরূপ কার্যক্রম করা যাবে না।
১০. কর্মসূচিতে ব্যয়িত অর্থের হিসাব বিবরণী ও ভাউচার সযত্নে সংরক্ষণ করতে হবে, যাতে চাওয়ামাত্র তা ফাউন্ডেশনে জমা দেয়া সম্ভব হয়।
১১. বাস্তবায়ন কাজ শুরু করার পূর্বে গ্রামের প্রতিটি প্রবেশমুখে, প্রকাশ্য স্থানে ৫ ফুট বাই ৩ ফুট মাপের তথ্য বোর্ড স্থাপন এবং সময় সময় ফাউন্ডেশন হতে প্রেরিত বিভিন্ন নির্দেশনা, লিফলেট ও প্রচারপত্র সর্বসাধারনের অবগতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১২. কর্মসূচিতে সচেতনতা ও প্রশিক্ষণ বিষয় অন্তর্ভূক্ত থাকলে অংশগ্রহণকারীদের সনাক্তকরণের ব্যবস্থা থাকতে হবে।
১৩. উপকারভোগীদের মধ্যে দলগত/গ্রুপ ভিত্তিক সঞ্চয়ী মনোভাগ গড়ে তোলার জন্য বিএনএফ এর নির্দেশনা অনুযায়ী সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৪. প্রস্তাবিত কর্মসূচি/কর্মসূচিসমূহের বিষয়ে সংশ্লিষ্ট সহযোগী সংস্থার কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তের রেজুলেশনের কপি এবং অনুমোদিত কমিটির তালিকা বাজেটের সাথে দাখিল করতে হবে এবং প্রতিটি উপকারভোগীর বাড়িতে ১ফুট বাই ১ফুট নেমপ্লেট লাগাতে হবে।

সংযুক্ত ছকে **বাজেট, উপকারভোগীর তালিকা, ১ বছরের কর্মপরিকল্পনা, সংস্থার কার্য নির্বাহী কমিটির তালিকা, কার্য নির্বাহী কমিটির মিটিং এর রেজুলেশনের কপি ও বাস্তবায়িত প্রকল্পের ফলাফল সংক্রান্ত তথ্যাবলী** প্রাপ্তির পর চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে।

০৯/০৩/২৫

**১৬২তম**

(মোস্তফা কামাল ভূঞা)
উপমহাব্যবস্থাপক (কর্মসূচি)
ফোনঃ ০২২২২২৮০২৩০ (এক্স-১১২)
০১৯১৬৫৬১৫৬৩

জনাব আলমগীর হোসেন মোল্লা
নির্বাহী পরিচালক
**হিউম্যান ডেভেলপমেন্ট ফোরাম (এইচ, ডি, এফ)**
বাড়ি নং # ২৩৬, বিশ্বাস বাড়ী, মিয়াপাড়া
ডাক ও উপজেলাঃ গোপালগঞ্জ সদর
জেলাঃ গোপালগঞ্জ